

আসন্ন পবিত্র রমজান মাসে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের
ক্লাশ, অফিস, হাসপাতালের বহির্বিভাগ ও বৈকালিক স্পেশালাইজড কনসালটেশনসার্ভিসের সময়সূচি নির্ধারণ

আসন্ন পবিত্র রমজান মাসে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ক্লাশ, অফিস, হাসপাতালের বহির্বিভাগ ও বৈকালিক স্পেশালাইজড কনসালটেশন সার্ভিসের সময়সূচি নির্ধারণ করা হয়েছে। আসন্ন ১লা রমজান থেকে এ বিশ্ববিদ্যালয়ের ক্লাস, অফিস ও হাসপাতালের বহির্বিভাগের সময়সূচি হবে সকাল ৮টা ৩০ মিনিট থেকে দুপুর ২টা পর্যন্ত। তবে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা (ইনভেসটিগেশনস) সংক্রান্ত বর্তমান প্রচলিত রোস্টার অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগ/অফিসসমূহের কার্যক্রম চালু থাকবে। পবিত্র ঈদুল ফিতরের ছুটির পর বর্তমান অফিস সময়সূচি সকাল ৮টা থেকে দুপুর ২টা ৩০ মিনিট পুনরায় বলবৎ হবে। অন্যদিকে পবিত্র রমজান মাসে বৈকালিক স্পেশালাইজড কনসালটেশন সার্ভিস-এর সময়সূচি হবে দুপুর ২টা ৩০ মিনিট থেকে বিকেল ৪টা ৩০ মিনিট পর্যন্ত। তবে পবিত্র ঈদুল ফিতরের ছুটির পর বর্তমান সময়সূচি বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত পুনরায় বলবৎ হবে। ১২ মে ২০১৮, শনিবার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়।